দৈনিক ইত্তেফাক

তারিখ AUG. 1 8 1999
পৃষ্ঠা 8 কলাম 4

১৭

## ঢাকার বিআইটি খুলিয়া দেওয়া হউক

ঢাকার বিআইটি ছিল সন্ত্রাস ও সেশনজটমুক্ত একটি শিক্ষাঙ্গন, যেখানে হরতাল, অবরোধ ইত্যাদি প্রতিকূল পরিবেশেও ক্লাস হইত, পরীক্ষা হইত। ১৯৮৬ সালে ইহা প্রতিষ্ঠার পর হইতে একদিনও বন্ধ থাকে নাই। কিন্তু গত দুই বৎসর ধরিয়া এখানকার পরিবেশ ক্রমশঃ ঘোলাটে হইয়া উঠে। রাজনীতি চালুর বিষয়টি নিয়া সাধারণ ছাত্র-ছাত্রী ও প্রশাসনের সহিত বিরোধের কারণে চলতি বৎসরের প্রথম দিকে প্রতিবাদকারী ছাত্রদের রুমে রুমে গিয়া ছাত্রনামধারী সন্ত্রাসীরা আক্রমণ করিলে প্রশাসন বাধ্য হইয়া এক মাসের জন্য অত্র প্রতিষ্ঠান বন্ধ ঘোষণা করেন। সাধারণ ছাত্র-ছাত্রীদের দাবীর পরিপ্রেক্ষিতে দীর্ঘদিন তদন্ত শেষে সন্ত্রাসীদের চিহ্নিত করিয়া কর্তৃপক্ষ তাহাদের কয়েকজনকে বিভিন্ন মেয়াদে প্রতিষ্ঠান হইতে বহিষ্কার করেন। কর্তৃপক্ষের এই সিদ্ধান্তে ক্রুদ্ধ হইয়া সন্ত্রাসীরা গত ১১ই জুন ক্যাম্পাসে ব্যাপক ভাংচুর করে। শিক্ষকদের অফিসকক্ষে আটকাইয়া রাখা হয়। প্রতিষ্ঠানের মূল্যবান আসবাবপত্র বিনষ্ট করা হয়। দীর্ঘ ২/৩ ঘন্টার ধ্বংসলীলার পর পুলিশ আসিয়া পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। এই ঘটনার পরিপ্রেক্ষিতে কর্তৃপক্ষ অনির্দিষ্টকালের জন্য প্রতিষ্ঠান বন্ধ ঘোষণা করেন। পরিতাপের বিষয় যে, এখনও বিআইটি খোলার কোন লক্ষণ নাই। এমতাবস্থায়, প্রতিষ্ঠানটি অনতিবিলম্বে খুলিয়া দিবার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নিতে সংশ্লিষ্ট ঊর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট বিনীত আবেদন জানাইতেছি।

—জনৈক ছাত্র